

ঈশ্বর আমাদের মেঘ পালকদের দেন

আমাদের মেঘপালকরা আমাদেরকে প্রেম ও একে অন্যকে সেবা করতে সাহায্য করেন।


প্রার্থনা : “আমাদের পিতা, আমাদের বন্ধুদের জন্য তোমায় ধন্যবাদ দিই, যারা যীশুকেও প্রেম করে। অপর লোকদের সেবা করার দ্বারা আমাদেরকে তোমার পরিচর্যা করতে সাহায্য কর। যীশুর নামে আমেন।”

লুক ১৫ঃ১-৭ অংশে, কিভাবে ঈশ্বরের নেতারা হারিয়ে যাওয়া অথবা দুর্বল লোকদের প্রতি যত্ন নেন, তার অন্বেষণ করুন।

উত্তম মেঘপালকের গল্পটি বলুন। একজন শিক্ষক অথবা বড় ছেলেমেয়েকে উত্তম মেঘপালকের গল্পটি বলতে দিন। লুক ১৫ঃ১-৭

প্রশ্নসমূহ : ছোটদেরকে এই প্রশ্নগুলি করুন এবং আপনি উত্তর বলার আগে তাদেরকে উত্তর দিতে দিন।

- যীশুর কথা শুনতে যে সমস্ত লোকেরা পছন্দ করত তারা কে ছিল? (ব্যাখ্যা করে বলুন যে, যীশুর পৃথিবীতে থাকাকালীন কর আদায়কারী লোকেরা বেশীর ভাগই মন্দ ছিল।)
- সেইসব লোকেরা কারা ছিল, যারা যীশুকে ঈর্ষা করত এবং প্রায়শই তাঁর বিষয়ে মন্দ কথা বলত? (ব্যাখ্যা করে বলুন যে বাইরে থেকে নিজেদের খুব ধর্মপ্রাণ দেখাতে চাইত, কারণ তারা লোকদের কাছ থেকে প্রশংসা পেতে চাইত, কিন্তু ভিতরে তাদের হৃদয় মধ্যে বেশীর ভাগ জনই খুবই মন্দ ছিল)
- মেঘপালক যখন মেঘদের গণনা করেছিল তখন কয়টি মেঘ কম পড়েছিল?
- হারিয়ে যাওয়া একটি মেঘের জন্য মেঘপালক কি করেছিল?
- মেঘপালক যখন তার হারানো মেঘটি খুঁজে পেয়েছিল তখন সে তার বন্ধু ও আত্মীয়দের সাথে কি করেছিল?



হারানো মেঘের কাহিনীটি নাটক আকারে প্রস্তুত করুন। এটি ও আরাধনার প্রাপ্তবয়স্কদের জন্য উপস্থাপন করুন।

- একজন বড় শিশু অথবা প্রাপ্তবয়স্ককে মেঘপালকের অংশে পাঠকরতে দিন।
- অবশিষ্ট ছেলেমেয়েরা প্রতিবাসীদের (২ জন), মেঘ ও হারানো মেঘশাবকের ভূমিকায় অবতীর্ণ হবে। তারা মেঘদের মত ডাকার শব্দ করবে! এবং হাত ও হাঁটুর উপর ভর দিয়ে হামাগুড়ি দেবে।

মেঘপালক, মেঘ এবং হারানো মেঘ শাবকঃ ধীরে ধীরে ঘরের কে প্রান্ত থেকে অপর প্রান্তের দিকে এগোবে।

হারানো মেঘ শাবকঃ পিছনে পড়ে যাবে এবং হঠাৎ পিছনে ফিরে আড়াল হয়ে যাবে।

মেঘপালকঃ নিজের মেঘপালের দিকে দেখবে এবং তাদের দিকে নির্দেশ করার দ্বারা নীরবে গুনবে, এর পর চোঁচিয়ে উঠে বলবে, “এ কী হল, একটা কম পড়ছে!”


(চারিদিকে দেখবে, লোকদের মধ্যে যাবে, তাদের চেয়াড়ের পিছনে খুঁজবে এবং মেঘটাকে ডাকবে।)

প্রতিবাসীগণঃ (চীৎকার করে) “আপনি কি খুঁজছেন?”

মেঘপালকঃ “আমি একটি ছোট মেঘশাবক হারিয়েছি। আমাকে অবশ্যই এটা খুঁজে বের করতে হবে! “শেষ পর্যন্ত তিনি হারানো মেঘশাবকটির গতি পথের দিকে যাবেন এবং শাবকটিকে বহন করে আসবেন (সম্ভব হলে করে আনবেন)। আনন্দে প্রতিবাসীদের বলবেন, “যে মেঘ শাবকটি হারিয়ে গেছিল, আমি তাকে খুঁজে পেয়েছি! আসুন, আমার সঙ্গে আনন্দ উদযাপন করুন।”

প্রতিবাসীগণঃ উচ্চরবে আনন্দ করবে এবং মেঘপালকের সঙ্গে প্রস্থান করবে।

- ছোটদের এই গল্পটির বিষয়ে বড়দের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন। ওপরে প্রশ্নের তালিকাভুক্ত প্রশ্নগুলো তাদের জিজ্ঞাসা করতে দিন।



একটি মেঘের ছবি অঙ্কন কর। ছোটদেরকে তাদের ছবিগুলি প্রাপ্তবয়স্কদের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে, আমরা হলাম ঈশ্বরের মেঘ এবং যীশু হলেন সেই উত্তম মেঘপালক যিনি আমাদের জন্য নিজ প্রাণকে দিয়েছিলেন।

কবিতা — গীতসংহিতা ৭৮ এর তিনটি ভাগের ২, ৪, ৫২, ও ৭২ এই পদগুলিকে চারজন ছেলেমেয়েকে আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের জন্য গাইতে অথবা আবৃত্তি করতে দিন।

আমি দৃষ্টান্ত কথায় আপন মুখ খুলিব,
আমি পুরাকালের গুঢ় বাক্য সকল ব্যক্ত করিব।
উত্তরকালীন বংশের কাছে সদা প্রভুর প্রশংসা বর্ণনা করিব
তঁহার পরাক্রম ও তঁহার কৃত আশ্চর্য্য ক্রিয়াসকল বর্ণনা করিব।
আপন প্রজাদিগকে মেঘবত চালাইলেন,
পালের মত প্রান্তুর দিয়া লইয়া আসিলেন।
এবং দায়ুদ হৃদয়ের সিদ্ধান্তানুসারে তাহাদিগকে চরাইলেন,
আপন হস্তের দক্ষতায় তাহাদিগকে চালাইলেন।

হারানো সিকির উপমাটি উপস্থাপন করে দেখান।



- একজন বয়স্ক ছেলে/মেয়ে লুক ১৫ঃ৮-১০ অংশটি পাঠ করবে। একই সময়ে, একজন মেয়ে ঘরের চারপাশে এমন ভাবে ঘুরবে যেন সে কিছু হারিয়ে ফেলেছে ও তার অন্বেষণ করছে।
- পড়া যখন শেষ হবে তখন, মেয়েটি একটি ঝাঁটা নেবে ও ঝাঁট দেবে।
- হঠাৎ সে সিকিটি খুঁজে পাবে, ঝাঁটা ফেলে দিয়ে আনন্দে লাফিয়ে উঠবে।

যোহন ১০ঃ২৭ পদ মুখস্থ কর। বড় ছেলেমেয়েরা যোহন ১০ঃ২৭ ও ২৮ পদগুলি মুখস্থ করবে।

প্রার্থনাঃ “পিতা, একজন মেঘপালক যেমন তার মেঘদের প্রতি যত্ন নেয়, তেমনি আমাদেরকেও একে অপরের প্রতি দেখাশোনা ও যত্ন নিতে সাহায্য কর।”

